# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০১৮

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ বিকেলে যা বলার মাধ্যমে একজন ব্যক্তি সাপের দংশন থেকে বেঁচে থাকতে পারে

ذكر الشيء الذي يحترز المرء بقوله عِنْدَ الْمَسَاءِ مِنْ لَسْعِ الْحَيَّاتِ

আরবী

1018 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ الْحَسَنِ قَالَ: حَدَّثَنَا شَيْبَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا جَرِيرُ بْنُ حَازِمٍ قَالَ: حَدَّثَنَا سُهَيْلٌ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (مَنْ قَالَ حِينَ يُمْسِي: أَعُوذُ بِكَلِمَاتِ اللَّهِ التَّامَّاتِ مِنْ شَرِّ مَا خَلَقَ ثَلَاثَ مَرَّاتٍ لَمْ تَضُرَّهُ حَيَّةٌ إِلَى الصَّبَاحِ) قَالَ: وَكَانَ إِذَا لُدِغَ إِنْسَانٌ من أهله قال: أما قال الكلمات؟

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1018 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১০১৮. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আসলাম গোত্রের এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি বিকেলে তিনবার বলবে, أَعُوذُ بِكَلِمَاتِ اللَّهِ التَّامَّاتِ مِنْ شَرِّ مَا خلق (আমি আল্লাহর পরিপূর্ণ কালেমার মাধ্যমে আশ্রয় চাই তিনি যা কিছু সৃষ্টি করেছেন, তার অনিষ্টতা থেকে।), তবে সকাল পর্যন্ত কোন সাপ তার কোন ক্ষতি করতে পারবে না।” রাবী বলেন, “আর তাঁর (আবূ হুরাইরার) পরিবারের কেউ দংশিত হলে তিনি বলতেন, “সে কি বাক্যগুলি বলেনি?”[1]

ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুন্নাহ: ৯৩; মুয়াত্তা ইমাম মালেক: ২/৯৫২; মুসনাদ আহমাদ: ২/৩৭৫; তিরমিযী: ৩৬০৫; আবূ দাউদ: ৩৮৯৮; নাসাঈ: ৫৯২; ইবনু মাজাহ: ৩৫১৮; মুসান্নাফ ইবনু শায়বাহ: ১০/২৮৭; সহীহ মুসলিম: ২৭০৮।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ১/ ২২৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90330

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন